

"শেখ হাসিনার মমতা  
বয়স্কদের জন্য নিয়মিত  
ভাতা"



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সমাজকল্যাণ মন্ত্রণালয়  
উপজেলা সমাজসেবা কার্যালয়  
ধোবাউড়া, ময়মনসিংহ

<https://dss.dhobaura.mymensingh.gov.bd>

স্মারক নম্বর: ৪১.০১.৬১১৬.০০০.৯৯.০০১.২১.১০

তারিখ: ১২ বৈশাখ ১৪২৮

২৫ এপ্রিল ২০২১

বিষয়: ময়মনসিংহের ধোবাউড়া উপজেলার ভাতাভোগীদের নগদ একাউন্টের সঠিকতা প্রসঙ্গে।

সূত্র: উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, ময়মনসিংহ এর জুম মিটিং-এ প্রদত্ত মৌখিক নির্দেশনা।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে উল্লেখ করা যাচ্ছে যে, সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় সকল প্রকার ভাতার অর্থ উপকারভোগীদের মাঝে G2P পদ্ধতিতে সমাজসেবা অধিদফতর হতে পবিত্র ঈদুল ফিতরের পূর্বে বিতরণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। সে প্রেক্ষিতে ভাতা ছাড়ের পূর্বে এ কার্যালয়ের পর্যবেক্ষণ নিম্নরূপ :

১. উপজেলা সমাজসেবা কার্যালয়, ধোবাউড়া, ময়মনসিংহ এর প্রত্যক্ষ তত্ত্ববধানে বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা এবং অসম্পন্ন প্রতিবন্ধী ভাতার উপকারভোগীদের শতভাগ এমআইএস সম্পন্ন করা হয়।
২. এমআইএস সম্পন্ন করার পর সিডিউল করে মাঠ পর্যায়ে নগদের প্রতিনিধিদের মাধ্যমে উপকারভোগীদের নগদ হিসাব খোলা হয়।
৩. হিসাব খোলার সময় দায়িত্বপ্রাপ্ত ইউনিয়ন সমাজকর্মী/কারিগরী প্রশিক্ষকগণ ভাতাভোগীদের উপস্থিতি নিশ্চিতকরণ ও প্রকৃত ভাতাভোগী সনাক্তকরণ কাজে নিয়োজিত ছিলেন এবং শতভাগ নিশ্চিত হয়ে নগদের প্রতিনিধিদের কাছে হিসাব খোলার জন্য প্রেরণ করেন। এরপর নগদের প্রতিনিধিগণ হিসাব খোলার কাজ সম্পন্ন করেন। সুতারাং হিসাব খোলার কাজে ইউনিয়ন সমাজকর্মী/কারিগরী প্রশিক্ষকদের প্রত্যক্ষ সম্পৃক্ততা নেই।
৪. নগদ হিসাব খোলার কাজ সম্পন্ন করে নগদের প্রতিনিধিগণ উক্ত হিসাবসমূহ তালিকায় লিপিবদ্ধ করেন। হিসাব খোলা ও তালিকায় লিপিবদ্ধ করণের ক্ষেত্রে ইউনিয়ন সমাজকর্মী/কারিগরী প্রশিক্ষকগণ সম্পৃক্ত ছিলেন না। সেহেতু কোন ভাতাভোগীর হিসাব নম্বর ভুল হলে এর দায়-দায়িত্ব নগদের প্রতিনিধিদের উপর বর্তায়, এ কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত ইউনিয়ন সমাজকর্মী/কারিগরী প্রশিক্ষক কিংবা উপজেলা সমাজসেবা কার্যালয়ের উপর বর্তায় না।
৫. নগদ কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত কোন তালিকা (হিসাব খোলার তালিকা) এ কার্যালয় জমা প্রদান করা হয়নি।

এমতাবস্থায় ভাতা ছাড়ের পূর্বে নগদ সেবার মাধ্যমে খোলা সকল প্রকার উপকারভোগীদের হিসাবের সঠিকতা নির্ণয়ের জন্য উপপরিচালক মহোদয় মৌখিকভাবে নির্দেশনা প্রদান করেন। ধোবাউড়া উপজেলায় বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা এবং অসম্পন্ন প্রতিবন্ধী ভাতাসহ মোট ১১৫৯৬ জন ভাতাভোগী রয়েছে। উপকারভোগীদের প্রত্যেককে ফোন দিয়ে সঠিকতা নির্ণয়ের জন্য প্রতিদিন ৩০০ জন করে ফোন দিলে প্রত্যেক

সমাজকর্মী/কারিগরী প্রশিক্ষক) জনপ্রতি ২ মিনিট করে হলেও ৬০০ মিনিট অর্থাৎ ১০ কর্মঘণ্টা প্রয়োজন। একজন ইউনিয়ন সমাজকর্মী/কারিগরী প্রশিক্ষক (২/৩ টি) ইউনিয়নের দায়িত্ব পালন করছেন। এ স্বল্প সংখ্যক জনবল নিয়ে ২৮ এপ্রিল ২০২১ খ্রি: তারিখের পূর্বে ভাতাভোগীদের নগদ একাউন্টের সঠিকতা নির্ণয় করা অত্যন্ত দুরূহ এবং যা কোন অবস্থায় সম্ভব নয়। এমতবস্থায় সকল ভাতাভোগীর নগদ হিসাব এর সঠিকতা যাচাই এর জন্য যৌক্তিক সময় প্রয়োজন। এছাড়াও প্রত্যেক ভাতাভোগীকে মোবাইল ফোনের মাধ্যমে সঠিকতা যাচাই করতে কমপক্ষে জনপ্রতি ২ (দুই) টাকা হারে ১১৫৯৬ জনের জন্য ২৩১৯২/- (তেইশ হাজার একশত বিরানব্বই) টাকা প্রয়োজন। সার্বিক অবস্থা বিবেচনা করে যৌক্তিক সময় বৃদ্ধি ও প্রয়োজনীয় বরাদ্দ প্রদানের জন্য মহোদয়কে বিনীত অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে, ২৫/০৪/২০২১ তারিখ অনুষ্ঠিত জিটুপি পদ্ধতিতে ভাতা বিতরণ সংক্রান্ত সভার রেজ্যুলেশন – এর “জ” নম্বরে উল্লেখ করা হয় যে উপকারভোগীদের মোবাইল নাম্বার নির্ভুল করার দায়িত্ব নগদ কর্তৃপক্ষের। মোবাইল নাম্বার ভুলের কারণে কোন উপকারভোগী ভাতার অর্থ না পেলে তার দায়ও নগদ কর্তৃপক্ষের।

সুতরাং নগদ হিসাব এর ভুল নম্বর এন্ট্রি প্রদান করার জন্য যাবতীয় দায় দায়িত্ব যাতে নগদ কর্তৃপক্ষ বহন করে সে ব্যাপারে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য মহোদয়কে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ

০১।সমাজকল্যাণ মন্ত্রণালয়ের ২৫/০৪/২০২১ তারিখ অনুষ্ঠিত জিটুপি পদ্ধতিতে ভাতা বিতরণ সংক্রান্ত সভার রেজ্যুলেশন।



২৫-৪-২০২১

রুবেল মন্ডল

উপজেলা সমাজসেবা অফিসার (অতিরিক্ত দায়িত্ব)

উপ পরিচালক

জেলা সমাজসেবা কার্যালয়, ময়মনসিংহ

স্মারক নম্বর: ৪১.০১.৬১১৬.০০০.৯৯.০০১.২১.১০/১

তারিখ: ১২ বৈশাখ ১৪২৮  
২৫ এপ্রিল ২০২১

সদস্য অবগতি:

- ১) মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর
- ২) পরিচালক, সামাজিক নিরাপত্তা অধিশাখা, সমাজসেবা অধিদফতর
- ৩) পরিচালক, বিভাগীয় পরিচালকের কার্যালয়, সমাজসেবা অধিদফতর, ময়মনসিংহ
- ৪) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ
- ৫) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ধোবাউড়া, ময়মনসিংহ
- ৬) উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ধোবাউড়া, ময়মনসিংহ
- ৭) সহকারী পরিচালক, উপপরিচালকের দপ্তর, জেলা সমাজসেবা কার্যালয়, ময়মনসিংহ



২৫-৪-২০২১

রুবেল মন্ডল

উপজেলা সমাজসেবা অফিসার (অতিরিক্ত  
দায়িত্ব)